

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১০০

১/ বিবিধ

আরবী

الخلق كلهم عيال الله، فأحب خلقه إليه، أنفعهم لعياله  
ضعيف

روي من حديث أنس بن مالك وعبد الله بن مسعود وأبي هريرة

1 - أما حديث أنس، فيرويه يوسف بن عطية الصفار عن ثابت عنه مرفوعا. أخرجه ابن أبي الدنيا في "قضاء الحوائج" (ص 77) والمخلص في "المجلس الأول من المجالس السبعة" (2 / 48) والسلفي في "الطيوريات" (1 / 115) وكذا البيهقي في "الشعب"، وأبو يعلى والبزار والطبراني والحاترث بن أبي أسامة والعسكري وغيرهم، كما في "المقاصد الحسنة". ويوسف هذا متروك كما في "التقريب". وقال الذهبي في "الميزان": "مجمع على ضعفه ... ومن مناكيره ...". ثم ساق له أحاديث، هذا أحدها

2 - وأما حديث ابن مسعود، فيرويه موسى بن عمير عن الحكم عن إبراهيم عن الأسود بن يزيد عنه مرفوعا به. أخرجه ابن عدي في "الكامل" (ق 1 / 324) وأبو نعيم في "الحلية" (2 / 102 و 4 / 237) والخطيب في "التاريخ" (6 / 334) وكذا البيهقي في "الشعب"، وقال ابن عدي: "لا أعلم يرويه عن الحكم غير موسى بن عمير، وعامة ما يرويه لا يتابعه الثقات عليه". قلت: وقال أبو حاتم: "ذهب الحديث،

## কذاب

3 – وأما حديث أبي هريرة، فيرويه بشر بن رافع عن يحيى بن أبي كثير عن أبي سلمة عنه رفعه بلفظ: "الخلق كلهم عيال الله، وتحت كنفه، فأحب الخلق إلى الله من أحسن إلى عياله". أخرجه الديلمي. وبشر هذا ضعيف الحديث كما قال الحافظ في "التقريب". وذكره الذهبي في "الضعفاء والمتروكين"، وقال: "ليس بحجة". وقد ثبت الشطر الثاني من الحديث بلفظ: "خير الناس أنفعهم للناس". وهو مخرج في "الصحيحة" (427)

## বাংলা

১৯০০। সৃষ্টির সবই আল্লাহর পরিবার। তার নিকট সর্বাপেক্ষা পছন্দনীয় সৃষ্টি হচ্ছে তাদের মধ্যে যে তার পরিবারের জন্য বেশী উপকারী।

হাদীসটি দুর্বল।

এটিকে আনাস ইবনু মালেক (রাঃ), আব্দুল্লাহ ইবনু মাসউদ(রাঃ) ও আবু হুরাইরাহ (রাঃ)-এর হাদীস হতে বর্ণনা করা হয়েছে।

১। আনাস (রাঃ) হতে বর্ণিত হাদীস। ইউসুফ ইবনু আতিয়াহ সফফার এটিকে সাবেত হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

এটিকে ইবনু আবিদ দুনিয়া "কাযাউল হাওয়াইজ" গ্রন্থে (পৃঃ ৭৭), মুখলিস "আলমাজলিসুল আউয়াল মিনাল মাজালিসিস সাব'আহ" গ্রন্থে (২/৪৮), সিলারী "আততাউরিয়াত" গ্রন্থে (১/১১৫), অনুরূপভাবে বাইহাকী "আশশুয়াব" গ্রন্থে, আবু ইয়ালা, বাযযার, ত্বারানী, হারেস ইবনু আবু উসামাহ ও আসকারী প্রমুখ বর্ণনা করেছেন, যেমনটি "আলমাকাসিদুল হাসানাহ" গ্রন্থে এসেছে।

বর্ণনাকারী এ ইউসুফ মাতরুক, যেমনটি "আত-তাকরীব" গ্রন্থে এসেছে। হাফিয যাহাবী "আলমীযান" গ্রন্থে বলেনঃ তার দুর্বল হওয়ার ব্যাপারে ইজমা হয়েছে ... তার মুনকারগুলোর মধ্যে ....। অতঃপর তিনি তার কতিপয় হাদীস উল্লেখ করেছেন। এটি সেগুলোর একটি।

২। আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ)-এর হাদীস। মূসা ইবনু উমায়ের এটিকে হাকাম হতে, তিনি ইবরাহীম হতে, তিনি আসওয়াদ ইবনু ইয়াযীদ হতে, তিনি আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

এটিকে ইবনু আদী “আলকামেল” গ্রন্থে (কাফ ১/৩২৪), আবু নুয়াইম “আলহিলইয়াহ” গ্রন্থে (২/১০২, ৪/২৩৭), খাতীব “আততরীখ” গ্রন্থে (৬/৩৩৪), অনুরূপভাবে বাইহাকী “আশশুয়াব” গ্রন্থে বর্ণনা করেছেন। ইবনু আদী বলেনঃ হাকাম হতে মুসা ইবনু উমায়ের ছাড়া অন্য কেউ বর্ণনা করেছেন বলে জানি না। আর তিনি যা কিছু বর্ণনা করেছেন নির্ভরযোগ্যগণ তার অধিকাংশের মুতাবা’য়াত করেননি।

আমি (আলবানী) বলছিঃ আবু হাতিম বলেনঃ তিনি যাহেবুল হাদীস, মহা মিথ্যুক।

৩। আবু হুরাইরাহ (রা.)-এর হাদীস। বিশর ইবনু রাফে এটিকে ইয়াহইয়া ইবনু আবী কাসীর হতে, তিনি আবু সালামাহ হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসেবে নিম্নের ভাষায় বর্ণনা করেছেনঃ

الخلق كلهم عيال الله، وتحت كنفه، فأحب الخلق إلى الله من أحسن إلى عياله

সৃষ্টির সবাই আল্লাহর পরিবার এবং তার হেফাযাতে। তার নিকট সর্বাপেক্ষা পছন্দনীয় সৃষ্টি হচ্ছে তাদের মধ্যে যে তার পরিবারের জন্য ভালো আচরণ করে।

এটিকে দাইলামী বর্ণনা করেছেন। এ বিশর হাদীসের ক্ষেত্রে দুর্বল, যেমনটি হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেছেন।

আর হাফিয যাহাবী তাকে “আয যুয়াফা অল মাতরুকীন” গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ তিনি দলীল নন। হাদীসটির দ্বিতীয়াংশ নিম্নের বাক্যে সহীহ হিসেবে বর্ণিত হয়েছেঃ

خير الناس أنفعهم للناس "লোকদের মধ্যে সর্বাপেক্ষা উত্তম ব্যক্তি হচ্ছে সেই যে লোকদের জন্য বেশী উপকারী।" দেখুন "সিলসিলাহ সহীহাহ" (৪২৭)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72783>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন